ডায়েরী নং- ১২৭০
৮/৭/১৪

চেয়ারম্যান, বিআরটিএ'র দপ্তর
ডায়েরী নং ৪০৮৩ তাং ০৬/০৭/১৪
পরিচালক (প্রশাসন) / ইঞ্জিঃ / এনফোর্সমেন্ট
অপারেশন / সচিব / ম্যাজিস্ট্রেট / একান্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.০০৭.২০১৪/৪৫

তারিখঃ ০১/০৭/২০১৪ খ্রিঃ।

ডায়েরী নং- ৮৩৯৭
তারিখ ঃ ৮/৭/১৪

প্রেরকঃ প্রথম সচিব (কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপকঃ চেয়ারম্যান
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)
ঢাকা।

বিষয়ঃ **সড়ক যানবাহনের ক্ষেত্রে রেজিস্ট্রেশনের সময়/ফিটনেস নবায়ন কালে প্রদেয় আয়করের বিধান পরিবর্তন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। আদিষ্ট হয়ে এ বিষয়ে জানানো যাচ্ছে যে, এস, আর, ও নং-১৬৪-আইন/আয়কর/২০১৪, তাং-২৬ জুন, ২০১৪ অনুযায়ী মোটরকার, জীপ ও মাইক্রোবাসের মালিকানা জনিত প্রদেয় আয়করের হার নিম্নরূপঃ

| ক্রমিক নং | গাড়ীর ধরণ | প্রদেয় আয়করের হার |
|---|---|---|
| ক) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ১৫,০০০.০০ |
| খ) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ৩০,০০০.০০ |
| গ) | ২৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ৫০,০০০.০০ |
| ঘ) | ৩০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ৭৫,০০০.০০ |
| ঙ) | ৩৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ১,০০,০০০.০০ |
| চ) | ৩৫০০ সিসির উপর প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ১,২৫,০০০.০০ |
| ছ) | মাইক্রোবাস প্রতিটির জন্য | টাকা ২০,০০০.০০: |

তবে, একক বা যৌথ মালিকানায় একের অধিক মোটরকার বা জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে দ্বিতীয় বা তদূর্ধ্ব গাড়ীর প্রতিটির জন্য উপরোক্ত হারের অতিরিক্ত ৫০% হারে আয়কর প্রদেয় হবে ।

০৩। ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/২৬ জুন ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৬০-আইন/আয়কর/২০১৪ অনুযায়ী বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সি ক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন তাহলে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করতে হবে:-

**(i) যানবাহন রেজিস্ট্রেশনের তারিখ থেকে ১০ বছর অতিক্রান্ত না হলে-**

ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য — টাকা ১২,৫০০.০০

খ) ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য — টাকা ৯,০০০.০০

| | | |
|---|---|---|
| গ) | (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য | টাকা ৩০,০০০.০০ |
| | (আ) দোতলা বাস প্রতিটির জন্য | টাকা ১২,৫০০.০০ |
| ঘ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য | টাকা ১২,৫০০.০০ |
| ঙ) | অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য | টাকা ৫,০০০.০০ |
| চ) | কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য | টাকা ১৯,০০০.০০ |
| ছ) | পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য | টাকা ১২,৫০০.০০ |
| জ) | দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য.......... | টাকা ৭,৫০০.০০ |
| ঝ) | দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্জ্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য | টাকা ৩,০০০.০০ |
| ঞ) | শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য | টাকা ৯,০০০.০০ |
| ট) | শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য | টাকা ৩,০০০.০০"; |

**(ii) যানবাহন রেজিষ্ট্রেশনের তারিখ থেকে ১০ বছর অতিক্রান্ত হলে-**

| | | |
|---|---|---|
| ক) | ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য. | টাকা ৬,৫০০.০০ |
| খ) | ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | টাকা ৪,৫০০.০০ |
| গ) | (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য | টাকা ১৫,০০০.০০ |
| | (আ) দোতলা বাস প্রতিটির জন্য | টাকা ৬,৫০০.০০ |
| ঘ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য | টাকা ৯,০০০.০০ |
| ঙ) | অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য | টাকা ২,৫০০.০০ |
| চ) | কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য | টাকা ১০,০০০.০০ |
| ছ) | পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য | টাকা ৭,৫০০.০০ |
| জ) | দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য | টাকা ৪,৫০০.০০ |
| ঝ) | দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য | টাকা ২,৫০০.০০ |
| ঞ) | শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য | টাকা ৪,৫০০.০০ |
| ট) | শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য | টাকা ১,৫০০.০০।"। |

০৪। অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্পবার্জ হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয় নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর প্রদান করতে হবেঃ-

**(ক) যানবাহন রেজিস্ট্রেশনের তারিখ থেকে ১০ বছর অতিক্রান্ত না হলে-**

(অ) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রীপ্রতি ১০০.০০ টাকা;

(আ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোস্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজপ্রতি ১৩৫.০০ টাকা;

(ই) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ১০০.০০ টাকা।

**(খ) যানবাহন রেজিস্ট্রেশনের তারিখ থেকে ১০ বছর অতিক্রান্ত হলে-**

(অ) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রীপ্রতি ৪০.০০ টাকা;

(আ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোষ্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজপ্রতি ৬০.০০ টাকা;

(ই) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজপ্রতি ৫০.০০ টাকা।

০৫। উপরি-উল্লিখিত বিধান ০১/০৭/২০১৪ খ্রিঃ থেকে কার্যকর হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

০১/০৭/১৪

(মোঃ আব্দুর রহমান খান এফসিএমএ)
প্রথম সচিব (কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

D:\Budget 2014-15\Letter to various department\letter to (Security Priting)-27062013.doc